# পয়গামে নাহদাহ

## বিটকয়েনের বাস্তবতা ও তার শরয়ী বিধান

## ফাতাওয়া ও মাসাইল

### দলিলভিত্তিক ফিকহী ধাঁধা

# পয়গামে নাহদাহ

## বিটকয়েনের বাস্তবতা ও তার শরয়ী বিধান

## ফাতাওয়া ও মাসাইল

### দলিলভিত্তিক ফিকহী ধাঁধা

মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর

নাহদাহ সিরিজ- ৩-৪
পয়গামে নাহদাহ
মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর
মোল্লাপাড়া মোড়, ঢাকা রোড, যশোর।
মোবাইল: ০১৯১৭-০৭২৯৩৫, ০১৮১২-৫১৯৫৮৯

সর্বস্বত্ত্ব:
মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর কর্তৃক সংরক্ষিত

প্রকাশক:
আন-নাহদাহ প্রকাশনা বিভাগ

পরিবেশক:
মাকতাবাতুল খিদমাহ
ইসলামী টাওয়ার, বাংলাবাজার,ঢাকা-১১০০
মোবাইল: ০১৮৯০৩৮৬৪৮৮

প্রচ্ছদ ও পৃষ্ঠাসজ্জা:
শামীম আল হুসাইন

প্রকাশকাল:
নভেম্বর ২০২২ ইংরেজী, রবিউস সানী ১৪৪৪ হিজরী

মূল্য: ১৪০ (একশত চল্লিশ) টাকা মাত্র

PAIGAME NAHDAH
By: MARKAJUN NAHDAH AL-ISLAMIA JASHORE
Price : 140/- Tk Only

# ইনতিসাব

শাইখুল ইসলাম আল্লামা শাহ আহমাদ শফি রহ.

মুফতিয়ে আযম বাংলাদেশ আল্লামা মুফতি আব্দুস সালাম চাটগামী রহ.

কায়েদে মিল্লাত আল্লামা জুনায়েদ বাবুনগরী রহ.

যাদের দিক-নির্দেশনা, বিশেষ দু'আ ও পরামর্শে

মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর এর সূচনা হয়েছিল।

আল্লাহ রাব্বুল আলামিন এ মহান ক্ষণজন্মা মহাপুরুষদের কবরকে
জান্নাতুল ফিরদাউসের বাগান হিসেবে কবুল করুন। আমীন।

# মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর পরিচিতি ও অবদান

আদর্শবান জাতি গঠনে মানবতার উন্নতি ও অগ্রগতি, সভ্য ও সুশীল সমাজ বিনির্মাণে মহান আল্লাহ প্রদত্ত ওহীভিত্তিক শিক্ষাব্যবস্থাই হল সার্বজনীন ও আদর্শ শিক্ষাব্যবস্থা। ইহকালীন ও পরকালীন সার্বিক কল্যাণ এতেই নিহিত। মানব রচিত ও পাশ্চাত্যের ধর্মহীন শিক্ষাব্যবস্থা আদর্শ শিক্ষাব্যবস্থা হতে পারে না। আর এ শিক্ষা গ্রহণ করে মানুষ ধর্মহীনতা, নাস্তিকতা, অনৈতিক অবক্ষয়ের দিকে দিন দিন এগিয়ে যাচ্ছে। যার ফলে নীতিহীন বস্তুতান্ত্রিক জ্ঞান-বিজ্ঞান এখন বিষাক্তময়। আর এ থেকে উম্মাহকে বাঁচাতে ওহীভিত্তিক শিক্ষার প্রয়োজন। এ প্রয়োজন পূরণে কিংবদন্তি মহাপুরুষ শাইখুল ইসলাম আল্লামা শাহ আহমাদ শফী রহ. এর বিশেষ পরামর্শে, মুজাহিদে মিল্লাত আল্লামা জুনায়েদ বাবুনগরী রহ. এর বিশেষ দু'আ, মুফতিয়ে আযম বাংলাদেশ আল্লামা মুফতি আব্দুস সালাম চাটগামী রহ. এর সার্বিক তত্ত্বাবধানে দারুল উলূম দেওবন্দ ও দারুল উলূম হাটহাজারী এর মাসলাকে মুফতি অকিল উদ্দিন যশোরী হাফিযাহুল্লাহ **"মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর"** ১৪৪১ হিজরী মোতাবেক ২০২০ সালে প্রতিষ্ঠা করেন।

অবস্থান:

- "মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর" বর্তমানে যশোর ঢাকা রোডস্থ মোল্লাপাড়া মোড়ে অবস্থিত। পরবর্তীতে যশোর নড়াইল রোডে হামিদপুর বাজার সংলগ্নে স্থায়ী অবস্থানের পরিকল্পনা রয়েছে।

আদর্শ:

- আহলে সুন্নাত ওয়াল জামাতের আদর্শভিত্তিক দেওবন্দী মানহাজের দীনী শিক্ষাপ্রতিষ্ঠান।

লক্ষ্য-উদ্দেশ্য:

- ইলমে দীনের হেফাযত ও দীন প্রচারের মাধ্যমে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সুন্নাহ পদ্ধতিতে আল্লাহর বিধানসমূহকে প্রতিষ্ঠার লক্ষ্যে নিয়মতান্ত্রিক তা'লীম-তারবীয়ত দ্বারা হক্কানী আলেম তৈরী করে তাদেরকে বিশেষ প্রশিক্ষণের মাধ্যমে দেশ ও জাতির জন্য উপযুক্ত করে গড়ে তোলা।
- আকায়েদে আহলে সুন্নাত ওয়াল জামাত ও ফিকহে হানাফী সংরক্ষণ
- ভ্রান্ত মতবাদ ও সমাজে প্রচলিত কুসংস্কারের মূলোৎপাটন করে ইসলামী সহীহ আকীদা-বিশ্বাস জনসম্মুখে তুলে ধরা।

শিক্ষা ও সেবা প্রকল্প:

ফতওয়া বিভাগ:

- এ বিভাগের মাধ্যমে দাওরায়ে হাদীস চূড়ান্ত পরিক্ষায় উত্তীর্ণ আলেমদেরকে ফিকহ বিশেষজ্ঞ হিসেবে যুগ সমস্যার সঠিক সমাধানে যোগ্যতা সম্পন্ন মুফতিরূপে গড়ে তোলা হয়।
- দক্ষ মুফতি সাহেবগণ ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক, ধর্মীয় ও বিভিন্ন ধরণের উদ্ভূত জটিল সমস্যার সমাধান লিখিত ও মৌখিকভাবে দিয়ে থাকেন।
- মৃতব্যক্তির পরিত্যক্ত স্থাবর অস্থাবর সম্পত্তি ওয়ারিশদের মধ্যে শরীয়তের বিধান মোতাবেক সুষ্ঠু বন্টনের রূপরেখা ও দলিলভিত্তিক মূলসম্পত্তি বন্টন করে থাকেন।

দাওয়াহ বিভাগ:

- সাধারণ মানুষকে দীনের দাওয়াত, দীন শেখানো এবং নিজের আমলী যিন্দেগী গড়ার লক্ষ্যে ছাত্ররা ছুটিতে সময় লাগিয়ে থাকে।

আঞ্জুমানে দাওয়াতে ইসলাহ:

- শাইখুল ইসলাম আল্লামা শাহ আহমাদ শফী রহ. এর প্রতিষ্ঠিত আঞ্জুমানে দাওয়াতে ইসলাহ এর কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে জেনারেল শিক্ষিত লোকদেরকে দীনের প্রতি উদ্বুদ্ধ করা হয়।

বিদআত ও কুসংস্কারের মূলোৎপাটনে সহীহ সুন্নাহ এর প্রচার প্রসার করা হয়।

আন-নাহদাহ ছাত্র পরিষদ:

- একাডেমিক শিক্ষার পাশাপাশি জ্ঞানের পরিধি উন্নয়নের লক্ষ্যে সমকালীন অবস্থা ও আন্তর্জাতিক প্রেক্ষাপটকে সুন্দর সাবলীলভাবে সাধারণ মানুষের দোরগোড়ায় পৌঁছে দিতে প্রশিক্ষণমূলক, প্রতিযোগিতামূলক ও বিষয়ভিত্তিক ফিকহী সেমিনার অনুষ্ঠিত হয়।

মিডিয়া বিভাগ:

- অনলাইনের মাধ্যমে যুগোপযোগী উদ্ভূত সমস্যার সমাধান দেয়া হয়ে থাকে। এছাড়াও মৌলিক দীনী শিক্ষা প্রচারের লক্ষ্যে বিশেষ বিষয়ভিত্তিক দরস প্রদান করা হয়।

রচনা ও প্রকাশনা বিভাগ:

- লেখনির মাধ্যমে যুগোপযোগী শরয়ী বিধানকে মানুষের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে মারকাযের রয়েছে স্বতন্ত্র রচনা ও প্রকাশনা বিভাগ। এ থেকে বিভিন্ন সময়ে বই রচনা করে অনলাইন ও অফলাইনে প্রচার করা হয়। আমাদের রচনার মধ্যে "কুরআনের আলোকে শরয়ী রুকয়া", "আয়াতুল আহকাম", বিটকয়েনের বাস্তবতা ও তার শরয়ী বিধান", "ফাতাওয়া ও মাসায়েল দলিলভিত্তিক ফিকহী ধাঁধা" বিশেষভাবে উল্লেখযোগ্য।

দুস্থ ও মানবতার সেবা:

- আর্তমানবতার সেবার লক্ষ্যে শিক্ষক, ছাত্র ও জনসাধারণের সহযোগিতায় "আন-নাহদাহ ফাউন্ডেশন" প্রতিষ্ঠা হয়। এর মাধ্যমে দুস্থ ও মানবতার সেবা করা হয়।

# ফিকহে হানাফীর সনদ


الله سبحانه وتعالى
جبريل عليه السلام
محمد مصطفى صلى الله عليه وسلم
سيدنا علي رضي الله عنه
عبد الله بن مسعود رضي الله عنه
أبو عبد الرحمن عبد الله بن حبيب السلمي
علقمة بن قيس
الأسود بن يزيد
إبراهيم بن يزيد النخعي
حماد بن أبي سليمان
الإمام الأعظم أبو حنيفة النعمان بن ثابت الكوفي
الإمام أبو يوسف
الإمام محمد بن الحسن الشيباني
محمد بن سماعة
أحمد بن حفص الكبير
أبو سليمان موسى بن سليمان الجوزجاني
نصر بن يحيي
أبو عبد الله محمد بن أحمد الحفص الصغير
أبو بكر أحمد الجوزجاني
أبو القاسم الصفار
عبد الله بن محمد السبذموني
إمام الهدى أبو منصور الماتريدي
أبو يوسف النوقدي
أبو بكر محمد بن الفضل البخاري
عبد الكريم البزدوي
أبو يعقوب يوسف السياري
حسين بن الخضر أبو على النسفي
إسماعيل بن عبد الصادق
أبو اليسر محمد البزدوي
شمس الأيمة الحلوائي
صدر الإسلام البزدوي
فخر الإسلام البزدوي

↓

مفتي الثقلين نجم الدين أبي حفص عمر النسفي

↓

صاحب الهداية على بن أبي بكر المرغيناني

↓

محمد بن محمد بن نصر البخاري حافظ الدين الكبير

↓

حسام الدين الحسين السغناقي

↓

قوام الدين محمد الكاكي

↓

أكمل الدين محمد بن محمود البابرتي

↓

السيد السند الشريف الجرجاني

↓

مولانا سعد الدين أسعد الدواني

↓

المحقق جلال الدين الدواني

↓

محمود الشيرازي

↓

حبيب الله الشهير بمرزاجان

↓

ملا يوسف كوسجي

↓

مولانا مرزا محمد فاضل

↓

مولانا مرزا محمد زاهد الهروي

↓

مولانا الشاه عبد الرحيم المحدث الدهلوي

↓

مولانا الشاه ولي الله المحدث الدهلوي

↓

مولانا الشاه عبد العزيز الدهلوي

↓

مولانا الشاه محمد إسحاق الدهلوي

↓

مولانا أحمد على السهارنفوري — مولانا مملوك علي

الإمام الرباني مولانا رشيد أحمد الغنغوهي

المفتي الأعظم عزيز الرحمن الديوبندي — مولانا محمود حسن الديوبندي

الشيخ العلامة مولانا إعزاز على الديوبندي — إمام العصر الشاه أنور الكشميري

المفتي ولي حسن التونكي — الشيخ العلامة محمد يوسف البنوري

الشيخ المفتي الأعظم ببنغلاديش محمد عبد السلام الصاتغامي قدس سره

الشيخ المفتي وكيل الدين الجسري حفظه الله ورعاه

اسم الطالب:

مركز النهضة الإسلامية جسر
Markajun Nahdah Al Islamia Jashore
মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর
(একটি গবেষণামূলক উচ্চতর দ্বীনী শিক্ষা প্রতিষ্ঠান)
মোল্লাপাড়া মোড়, ঢাকা রোড, যশোর।
ই-মেইল- mailmnajbd@gmail.com, মোবাইল- ০১৯১৭০৭২৯৩৫, ০১৮১২৫১৯৫৮৯

# সূচিপত্র

## বিটকয়েন (Bitcoin)

**ভূমিকা**..........................................................................১৮

বিশ্ব মুদ্রাব্যবস্থার পরিবর্তন..........................................................১৯

বিটকয়েন (Bitcoin) কি? ..........................................................২৩

বিটকয়েন এর নামকরণ ও উৎপত্তি ..........................................২৪

বিটকয়েন এর গঠন এবং তার ব্যবহার পদ্ধতি ...........................২৪

ব্লকচেইন (Blockchain) এর বাস্তবতা ..........................................২৪

বিটকয়েন উপার্জনের দু'টি উপায় ..............................................২৫

বিটকয়েন এর অপব্যবহার ..........................................................২৫

বিটকয়েন কাগজের মুদ্রার সাথে তুলনা ......................................২৬

বিটকয়েন এর মূল্য ওঠানামার কারণ ..........................................২৭

বিটকয়েন কি জুয়া খেলার একটি রূপ?...........................................২৭

বিটকয়েন এর জনপ্রিয়তার রহস্য ..............................................২৮

বিটকয়েনের সুবিধা (Advantages)..............................................২৯

বিটকয়েনের অসুবিধা (Disadvantag) ..........................................৩০

বিটকয়েনে বিনিয়োগ করা কেমন?..................................................৩২

বিটকয়েন এর শরয়ী বিধান ........................................................৩২

দারুল উলূম দেওবন্দ এর ফতওয়া..................................................৩৩

সারমর্ম..........................................................................................৩৫

## ফাতাওয়া ও মাসাইল

**ভূমিকা** ........................................ ৩৮
পাত্রে ইঁদুর পেলে কি নাপাক হবে? ........................................ ৩৯
বীর্য চেনার উপায়? ........................................ ৩৯
জুনুবী ব্যক্তি মসজিদে গিয়ে পবিত্র হতে পারে? ........................................ ৪০
কোন অঙ্গ কখনো ধৌত করা ফরয আবার কখনো নয়? ........................................ ৪০
কোন নাপাক পানি ছাড়াই পাক হয়? ........................................ ৪১
কোন সুন্নাত ফরযের স্থলাভিষিক্ত ........................................ ৪১
পানি বিদ্যমান সত্ত্বেও কখন তায়াম্মুম বৈধ? ........................................ ৪২
কোন অঙ্গ ধৌত করাও যায় না আবার মাসাহও না? ........................................ ৪২
কোন জিনিস শুধু অযু নষ্ট করে; নামায নষ্ট করে না? ........................................ ৪৩
কখন ফরয গোসল না করলেও গোনাহ হয় না? ........................................ ৪৪
**নামায অধ্যায়** ........................................ ৪৫
পাঁচ ওয়াক্তের নামাযে ফজর ব্যতিরেকে অন্যান্য নামায বাতিল ........................................ ৪৫
এক অযুতে কিছু নামায সহীহ; কিছু সহীহ নয় ........................................ ৪৫
এক ব্যক্তির অযু অন্যের আয়ত্তে কিভাবে? ........................................ ৪৬
নামায আদায়কালে আগন্তুক ব্যক্তির দ্বারা সকলের নামায নষ্ট ........................................ ৪৬
ফরয গোসল করে নামায পড়লেও কখন সহীহ হয় না ........................................ ৪৭
সুন্নাত পড়ে ফরয পড়লেন; সুন্নাত বাতিল ফরয সহীহ? ........................................ ৪৮
ইমাম মুকতাদির অট্টহাসিতে ইমামের অযু ও নামায বাতিল ........................................ ৪৮
দু' ব্যক্তি ঘুমে একজনের নামায সহীহ; অপরজনের নয়? ........................................ ৪৯
কোন জিনিস নামায নষ্ট করে; অযু নয়? ........................................ ৪৯
অযু; তায়াম্মুম না থাকাবস্থায় কিভাবে নামাযে থাকে? ........................................ ৫০
কোন জিনিস দ্বারা অযুও ভাঙ্গেনা; নামাযও ভাঙ্গেনা ........................................ ৫০
কোন ব্যক্তি ইমামের সাথে নামায আদায় করলেও সহীহ নয়? ........................................ ৫১

কোন নামায নষ্ট করলেও কাযা আবশ্যক নয়? ........................................৫১
কোন মুসল্লির নামায কিরাত ব্যতিত চলে? ........................................৫২
দু’ রাকাত নামাযে সাতটি সাজদা কিভাবে হয়? ........................................৫২
দু’ রাকাত নামাযে বিশটি সাজদা কিভাবে হয়? ........................................৫৩
তিন রাকাত নামাযে ছয় বার তাশাহহুদ ........................................ ৫৪
তায়াম্মুমরত নামায প্রাণীর আওয়াযে নষ্ট ........................................৫৫
নামাযে কুরআন পড়ার দ্বারা নামায নষ্ট হয়? ........................................৫৫
একজন মুসাফিরের নিয়তে সকলের নামায বাতিল ........................................৫৬
স্বামীর মৃত্যুতে স্ত্রীর চার বছরের নামায আবশ্যক........................................ ৫৭
**রোযা অধ্যায়** ........................................৫৮
রোযাবস্থায় ইচ্ছা করে পানি পান করলে কাযা আবশ্যক নয়?........................................৫৮
**বিবাহ অধ্যায়**........................................৫৮
বৈধ ছেলে মাতা পিতার বিবাহের খুতবা কিভাবে পড়ায়? ........................................৫৮
বিবাহ ব্যতিত মহর আবশ্যক কিভাবে? ........................................৫৯
একদিনেই তিন পুরুষকে বিবাহ ও মহর অর্জন ........................................৫৯
স্বামী বাজার থেকে ফিরে এসে স্ত্রী অন্যত্র বিবাহ করা দেখা........................................৬০
দু’ বোনকে এক ব্যক্তির সাথে বিবাহ দেওয়াতে; বিবাহ বহাল ........................................ ৬১
এক ব্যক্তির সাথে মা ও বোনের বিবাহ; বিবাহ বহালও বটে........................................ ৬১
বিবাহ করে সফরে যাওয়ায়; বৈধভাবে স্ত্রীর অন্যত্র বিবাহ........................................৬২
একজন মহিলার দু’ ব্যক্তিকে বিবাহ কী সহীহ? ........................................৬৩
পরস্পর বোন হওয়া সত্ত্বেও কেউ স্ত্রী, কেউ বাঁদি ........................................৬৩
এক মহিলার তিন পুরুষকে বিবাহ; তৃতীয়জনের বিবাহ বৈধ........................................ ৬৪
তিনজন মহিলার সাথে সফরে তিনজনই হারাম হয়ে হালাল ........................................৬৫
বিবাহ ব্যতিত মহর দাবী; ইদ্দত ও বংশ আবশ্যক ........................................৬৬
**দুগ্ধপান অধ্যায়** ........................................৬৭

একই খাবার কারো হারাম আবার কারো হালাল .................................. ৬৭
স্ত্রী বাচ্চাকে দুধ পানের কারণে হারাম..................................................৬৮
**তালাক অধ্যায় ................................................................................৬৯**
পানি পান না করলে বা ফেলে দিলে তালাক ........................................৬৯
মানিব্যাগের টাকা কসাইকে দিয়ে ফেরত না দিলে তালাক........................৬৯
দিনে কত রাকাত নামায বলতে না পারলে তালাক .................................৭০
কেউ মুখে খাবার নিলে বলল; তুমি খেলে আমার স্ত্রী তালাক .......................৭১
পাত্রে অর্ধেক হালাল; অর্ধেক হারাম; রান্না না করলে তালাক .......................৭১
বর্শার ফলায় সহবাস না করলে তিন তালাক ..........................................৭২
নামাযে ইমাম, মুআযযিনের স্ত্রী হারাম.................................................৭২
ঢাকায় মৃত্যুতে যশোরে স্ত্রী স্বামীর উপর হারাম .......................................৭৪
**কসম অধ্যায় .................................................................................. ৭৫**
সহবাসের গোসল না করেও নামায কিভাবে পড়ে? ................................. ৭৫
"আজ চার রাকাত নামায পড়ব" কসম করলে নামায পড়বে কিভাবে? ......... ৭৫
কসম করল নামায রোযা করব না; হত্যার পরও কেসাসও হল না.................. ৭৬
কুরআন পড়ব না বলে কসম করলে নামায কিভাবে পড়বে?...................... ৭৬
"সন্ধ্যায় খাবার খাবো না" কসমে কিভাবে ইফতার করবে?.........................৭৭
**দন্ডবিধি অধ্যায় ...............................................................................৭৭**
চারজনে যিনা করার পরও চারজনের শাস্তি ভিন্ন .....................................৭৭
**স্বাধীন অধ্যায় ................................................................................৭৮**
রাস্তায় দাস মালিক হন.............................................................. ৭৮
মহিলার দিকে তাকালে হারাম ..........................................................৭৯
**ইমামগণের মতভেদ অধ্যায় ...............................................................৮০**
একই বাচ্চা জীবিত আবার মৃত .........................................................৮০

একটি বাচ্চা দু’ মাসে কিভাবে জন্ম নেয়?............................................. ৮১
একই ব্যক্তি রোযাদার; আবার রোযাদার নয়.......................................... ৮১
একজন মহিলা কুমারী; আবার কুমারী নয় ............................................৮২
একই চিঠি পড়েছেন; আবার পড়েন নি ................................................৮৩
**বিবিধ অধ্যায়**.............................................................................৮৪
ডানে সালামে নামায নষ্ট, বামে সালামে যাকাত আবশ্যক ......................... ৮৪
মা ছাড়া জন্ম হয়? ..............................................................................৮৫
ইবরাহিম আ. এর আগুন; আর মুসা আ. এর সাপ দেখা কি এক?....................৮৬
**ফারায়েয অধ্যায়** ..........................................................................৮৭
চারজন স্ত্রী পরিত্যক্ত সম্পদ চার রকম কেন পায়? .................................. ৮৭
তিন মেয়ে পরিত্যক্ত সম্পত্তি কিভাবে তিন রকম পায়? .............................৮৮
চাচাত ভাই দু’ রকম সম্পত্তি কিভাবে পায়? ...........................................৮৯
শ্যালক সম্পত্তি পায় কিভাবে? ............................................................৮৯
পরিত্যক্ত সম্পত্তি বন্টনে দেরী ............................................................ ৯০
**ইফতা সমাপনকারী ছাত্রদের পরিচিতি**.........................................৯৫

নাহদাহ সিরিজ- ৩

# বিটকয়েন (Bitcoin)

## বিটকয়েনের বাস্তবতা ও তার শরয়ী বিধান

মূল

মুফতি মুহাম্মাদ সালমান মাযাহেরী

অনুবাদ

মুফতি অকিল উদ্দিন যশোরী

# ভূমিকা

**الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده. أما بعد.**

সর্বদা পরিবর্তনশীল বিশ্বে, প্রতিদিন পরিবর্তন হচ্ছে; এটি নতুন কিছু নয়; বরং পৃথিবীর মত এটিও প্রাচীন পদ্ধতি। আর পরিবর্তনের এই ধারাবাহিকতা প্রতিদিন, প্রতি মুহুর্তে বেড়েই চলছে। উলামায়ে কেরামের দায়িত্ব পালনের সাথে সাথে এসব বিষয়ে উম্মাহকে নেতৃত্ব দেওয়ার দায়িত্বও পালন করতে হবে।

এমন নতুন একটি মাসআলা হল "বিটকয়েন"। "বিটকয়েন" হল একটি ডিজিটাল মুদ্রা যার কোন বাহ্যিক অস্তিত্ব নেই। এটি কম্পিউটারে অক্ষর এবং নকশা আকারে হয়। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল; এর পিছনে এমন কোন সংস্থা বা ব্যাংক নেই যে এটি নিয়ন্ত্রণ করে; যাকে এটির দায়িত্বশীল বলা যেতে পারে। একারণে এটি একটি কাল্পনিক মুদ্রা। স্পষ্টতই, এই ধরণের মুদ্রা প্রাচীনকালে পাওয়া যায় নি এবং কল্পনাও করা যেত না। কিন্তু এটি ২০০৯ সালে শুরু হয়েছিল এবং বলা হয় এটি আমেরিকান বংশোদ্ভূত সাতোশি নাকামাতো দ্বারা প্রকাশিত হয়েছিল।

এরপর ধীরে ধীরে এই মুদ্রা মানুষের মধ্যে চালু হয় এবং খুব দ্রুত গৃহীত হয় এবং এখন বিশেষ করে ব্যবসায়ীদের মধ্যে এর চর্চা আরও বেশি হচ্ছে ।

এই নতুন জিনিসের অস্তিত্বের কারণে পরিস্থিতির পরিবর্তন ঘটছে তার ফলস্বরূপ বিটকয়েনের বাস্তবতা থেকে পর্দা সরিয়ে এর শরীয়ত নির্দেশিত বিধান স্পষ্ট করা প্রয়োজন ছিল, যাতে আল্লাহ ও তার রাসূলের আইন দ্বারা আবদ্ধ মানুষ হালাল ও হারামের পার্থক্য করে চলতে পারেন।

আলহামদুলিল্লাহ অন্যান্যদের মত **"হযরত মাওলানা মুফতি মুহাম্মাদ সালমান মাযাহেরী"** বিটকয়েনের বাস্তবতা ও শরয়ী বিধান বিষয়ক **"বিটকয়েন কি হাকিকত আওর উসকা শরয়ী**

**হুকুম”** নামে একটি বই রচনা করেছেন। আল্লাহ তা'আলা তাকে উত্তম প্রতিদান দান করুন।

লেখক অতিসংক্ষেপে সুন্দর করে বিটকয়েন বিষয় ফুটিয়ে তুলেছেন। তাই এর অনুবাদ করলাম। আশা করি বইটি সকলের উপকারে আসবে। আল্লাহ তা'আলা লেখক, অনুবাদক, পাঠক ও সহযোগীদের উত্তম জাঝা দান করেন। আমীন।

অকিল উদ্দিন

৭ রবিউল আওয়াল ১৪৪৪ হিজরী

৪ অক্টোবর ২০২২ ইসায়ী

সময়: সকাল ৮:০১ মিনিট

# বিশ্ব মুদ্রাব্যবস্থার পরিবর্তন

প্রাচীনকালে মানুষ পণ্যের বিনিময়ে পণ্য বিনিময় করত; যাকে (Barter System) বলে। অর্থাৎ তারা এক জিনিস দিতেন এবং বিনিময়ে অন্য জিনিস পেতেন। কিন্তু সর্বদা ও সর্বত্র এ পদ্ধতি অনুসরণ করা খুবই কঠিন ছিল। উদাহরণস্বরূপ, এক ব্যক্তির গমের প্রয়োজন এবং তার নিকট অতিরিক্ত চাউল আছে। এখন তার এমন কাউকে খুঁজতে হবে; যার চাউলের প্রয়োজন এবং তার নিকট অতিরিক্ত গমও আছে। এমন ব্যক্তি পেলে তার সাথে চাউলের পরিবর্তে গম বিনিময় করবেন। তবেই তিনি গম পাবেন। কিন্তু এ পদ্ধতিটি অনুশীলনে কঠিন হওয়ায় ধীরে ধীরে এ পদ্ধতিটি অচল হয়ে পড়ে।

তারপরে আরেকটি ব্যবস্থা গড়ে ওঠে যাকে (Commodity Money System) বলা হয়। এই পদ্ধতিতে মানুষ বিনিময়ের মাধ্যম হিসেবে বিভিন্ন নির্দিষ্ট আইটেম তৈরী করত এবং সাধারণত একাধিক ব্যবহারের জিনিসগুলোর বিনিময়ে একটি মাধ্যম তৈরী করত। যেমন কখনো শস্য ও গম বিনিময়ের মাধ্যম; কখনো লবন, কখনো চামড়া, কখনো লোহা ইত্যাদি বিনিময়ের মাধ্যম বানানো হত। কিন্তু বিনিময়ে এসব পণ্য ব্যবহারে যাতায়াতের অনেক অসুবিধা ছিল। এ কারণে জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে মানুষের চাহিদা বাড়তে লাগল এবং বিনিময়ও আগের চেয়ে বেশি হতে লাগল। লোকেরা মনে করল, আমরা যে বিনিময় পদ্ধতি অবলম্বন করেছি; তাতে অনেক অসুবিধা রয়েছে; তাই বিনিময়ের পদ্ধতি একটি হওয়া উচিত; যে পদ্ধতিতে পরিবহন খরচও নূন্যতম হবে এবং লোকেরাও আস্থাশীল হবে।

অবশেষে, তৃতীয় পর্যায়ে লোকেরা স্বর্ণ ও রৌপ্যকে বিনিময়ের মাধ্যম করে তোলে। কারণ উভয়ই ছিল মূল্যবান ধাতু; অলঙ্কার; পাত্র ইত্যাদি যে কোন আকারেই হোক না কেন, তাদের নিজস্ব মূল্য ছিল এবং পরিবহন যোগ্যতা সহজ ছিল। এমনকি এ দু'টি মূল্যবান ধাতু পণ্যের মূল্যের জন্য একটি পরিমাপ হয়ে ওঠে এবং সকল দেশ এবং শহরের লোকেরা এই ধাতুদ্বয়ের

উপর নির্ভর করতে শুরু করে। আর এ ব্যবস্থাকে (Metalic Money System) বলে।

মুদ্রা সোনা বা রূপা যাই হোক না কেন, পণ্য এবং সরঞ্জামের তুলনায় পরিবহন করা সহজ; অন্যদিকে চুরি করাও সহজ। অতএব, ধনীদের পক্ষে এই বিপুল পরিমাণ মুদ্রা ঘরে রাখা এবং সংরক্ষণ করা কঠিন হয়ে পড়ে, তাই তারা এ মুদ্রাগুলির একটি বিশাল পরিমাণ স্বর্ণকার এবং রৌপ্যকারদের (Money Changer) কাছে ট্রাস্ট হিসেবে রাখতে শুরু করেন এবং সেই স্বর্ণকার এবং রৌপ্যকাররা এ মুদ্রাগুলি রাখতেন। তাদের রাখা এই ট্রাস্ট হোল্ডারদের গ্যারান্টি হিসেবে একটি কাগজ বা রশিদ (Receipt) প্রদান করতেন। ধীরে ধীরে যখন এই স্বর্ণকারদের উপর লোকেদের আস্থা বাড়তে থাকে, তখন এই স্বর্ণকাররা ট্রাস্ট গ্রহণ করার সময় দলিল হিসেবে যে রসিদগুলি প্রদান করেছিলেন, সেই একই রসিদগুলিকে অন্যান্য জায়গায় দলিল হিসেবে ব্যবহার করতেন। এভাবে ক্রয় বিক্রয়ে মূল্য হিসেবে ব্যবহার করা শুরু হয়, তাই একজন ক্রেতা ক্রয়ের সময় নগদ অর্থ প্রদানের পরিবর্তে দোকানদারকে এই রশিদগুলির একটি দিতেন এবং দোকানদার সে স্বর্ণকারদের উপর আস্থার ভিত্তিতে রসিদটি গ্রহণ করতেন।

এভাবেই কাগজের নোটের উৎপত্তি। তবে শুরুতে এটির কোন বিশেষ আকৃতি, রূপ ছিল না; বা তাদের কোন আইনগত মর্যাদাও ছিল না; যে কারণে লোকেরা এটি গ্রহণ করতে বাধ্য হবে। বরং এটি গ্রহণ; প্রত্যাখ্যান এ কথার উপর ভিত্তিশীল ছিল যে; স্বর্ণকারের উপর গ্রহণকারী কতটা আস্থা রাখে।

কিন্তু এই রশিদগুলি ১৭০০ সালের গোড়ার দিকে বাজারে আরও প্রচলন হয়ে উঠলে তখন এই রসিদগুলি ব্যাংক নোট নামে একটি আনুষ্ঠানিক আকারে বিকশিত হয়; যা প্রথমে সুইডেনের স্টকহোম ব্যাংক দ্বারা একটি কাগজের নোট হিসেবে প্রবর্তিত হয়েছিল বলে জানা যায়। সেই সময়ে ইস্যুকারী ব্যাংকের কাছে এই কাগজের নোটগুলির বিনিময়ে ১০০% স্বর্ণ থাকবে এবং ব্যাংক তার দখলে থাকা স্বর্ণের পরিমাণে নোট ইস্যু করার অঙ্গীকার করবে এবং কাগজের নোট ধারকের কাছে যাওয়ার জন্য অনুমোদিত ছিল। ব্যাংকে গিয়ে চাইলেই তার বিনিময়ে সোনা পাবে। তাই এই ব্যবস্থাকে সোনার বারগুলির মান (Gold Bullion Standard) বলে।

প্রাথমিকভাবে ব্যাংকগুলিকে ইস্যু করা নোটের পরিমাণ স্বর্ণ রাখার উপর নির্দেশ ছিল, কিন্তু পরে এই আইনটি বাতিল করে এবং বলে সে সমস্ত সোনা থাকা প্রয়োজনীয় নয়; তবে একটি নির্দিষ্ট অনুপাতে স্বর্ণ থাকা উচিত। উদাহরণস্বরূপ, ইস্যু করা নোটের দুই-তৃতীয়াংশ সোনা থাকা উচিত। পরে দু-তৃতীয়াংশ এক-তৃতীয়াংশ, তারপর এক-চতুর্থাংশ।

এখন এই নোটের বাস্তবতা হল, এই নোটের এত ক্ষমতা যে এর মাধ্যমে বাজার থেকে কিছু জিনিস কেনা যায় এবং যে দেশের নোট সে দেশের বাজারে কেনা যায়।

এই ব্যাংকগুলির দ্বারা জারি করা নোটগুলিও একই সমস্যার সম্মুখীন হয়েছিল যা আগে স্বর্ণ এবং রৌপ্য মুদ্রা সম্মুখীন হয়েছিল, অর্থাৎ এই নোটগুলিকে এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যাওয়া সহজ ছিল না; চোর এবং ডাকাতের ভয় ছিল। এটি প্রচলন শুরু হয় এবং বাড়িতে এই বিপুল পরিমাণ নোট সংরক্ষণ করা কঠিন হয়ে পড়ে। তাই এখন ব্যাংকগুলি মানুষের এই সমস্যার সমাধান হিসেবে প্লাস্টিক মুদ্রা জারি করে; যা আমরা আজ ডেভিট কার্ড (Debit Card), ক্রেডিট কার্ড (Credit Card) ইত্যাদি নামে পরিচিত। এই কার্ডগুলি দ্বারা আপনি যখন খুশি তখন সহজেই ক্রয় বিক্রয় করতে পারেন।

যাই হোক, এটি বিশ্বের মুদ্রাব্যবস্থার বিপ্লব এবং পরিবর্তনের একটি সংক্ষিপ্ত সারসংক্ষেপ, যার সমীক্ষা থেকে জানা যায় এই মুদ্রা নোটগুলি একই অবস্থায় এবং এক রাজ্যে থাকেনি, বরং বিভিন্ন সময়কালে এর অবস্থা পরিবর্তন হয়েছে। অনেক বিপ্লব; পরিবর্তন হয়েছে, কিন্তু এখন এমন একটি মুদ্রা বাজারে এসেছে, এটি পণ্যও নয়, সোনাও নয়, রূপাও নয়, রসিদও নয়, নোটও নয়, ডেভিট কার্ডও (Debit Card) নয়, ক্রেডিট কার্ডও (Credit Card) নয়; বরং এমন একটি ডিজিটাল বা ভার্চুয়াল (Virtual) কারেন্সি, যাকে বিটকয়েন বলে। যেহেতু পূর্বের কারেন্সি দ্বারা ক্রয় বিক্রয় হত; তাই এর বিস্তারিত হুকুম কিতাবে পাওয়া যায়; এমনকি ডেভিট কার্ড ও ক্রেডিট কার্ড ইত্যাদির হুকুমও আলেমগণ বিস্তারিতভাবে উল্লেখ করেছেন। কিন্তু এটি একটি ডিজিটাল মুদ্রা যার পরিচিত ধরণ হল বিটকয়েন (বিটকয়েন ছাড়াও এই মুহূর্তে বাজারে অনেক ডিজিটাল মুদ্রা রয়েছে)। এটি নতুন যুগের একটি মুদ্রা, তাই এর বাস্তবতা জানা খুবই

গুরুত্বপূর্ণ। নতুন মুদ্রা ও এর শরয়ী হুকুম কী? বিটকয়েন হালাল না কি হারাম? এতে আমাদের বিনিয়োগ করা উচিত কী না? এই প্রশ্নটি সকল মানুষের মনে ঘুরপাক খাচ্ছে। তাই এ সমস্যাটি সমাধান করার জন্য প্রথমে আমাদের বিটকয়েনের বাস্তবতা এবং এটির ব্যবহার সম্পর্কে জানতে হবে; যাতে সামনে গিয়ে আমাদের এর শরয়ী হুকুম নির্ণয় করা সহজ হয়।

## বিটকয়েন (Bitcoin) কি?

বিটকয়েন (Bitcoin) ডিজিটাল মুদ্রার প্রসিদ্ধ প্রকার। ডিজিটাল মুদ্রাকে পরিভাষায় ভার্চুয়াল কারেন্সি (Virtual Currency) বলে। অর্থাৎ এ প্রকার মুদ্রা প্রকৃত অস্তিত্বের কোন জিনিস নয়। তার অস্তিত্ব কম্পিউটার সার্ভার অথবা ডিজিটাল ডিভাইসে বানানো কিছু জটিল সংখ্যা (যা অনুমান করে বানানো প্রায় অসম্ভব) এর পদ্ধতি।

এ মুদ্রা পূর্ণ দুনিয়াতে একই রকম অস্তিত্ব রাখে; এটি কোনো সরকার অথবা তত্ত্বাবধায়ক সংস্থার অধীনস্থ নয়। বরং এটি স্থায়ী স্বাতন্ত্র্য (Decentralized) এর হিসেবে উপলব্ধ হয়। এর মাধ্যমে বিশ্বের যে কোন প্রান্তে কোনো কর্তৃপক্ষের অনুমোদন ছাড়াই তা গ্রহণ করতে আসা যে কারো সঙ্গে আর্থিক লেনদেন করা যাবে। এ মুদ্রার লেনদেনকে এই অর্থে নিরাপদ বলা যায় যে, প্রতিটি মুদ্রার লেনদেনের পিছনে ব্লকচেইন (Blockchain) নামে একটি সুস্পষ্ট রেকর্ড রয়েছে, যা একই মুদ্রা দু'বার ব্যবহার করা অসম্ভব করে তোলে।

যেহেতু এ মুদ্রার পিছনে কোন দায়িত্বশীল কর্তৃপক্ষ নেই। অতএব এর মূল্য (Non-Predicted) অপ্রত্যাশিত ওঠানামার অনেক সম্ভাবনা রয়েছে। কেননা এর সরবরাহ ও চাহিদা (Demand and Supply) সঠিকভাবে মূল্যায়ন করে সঠিক সিদ্ধান্তে পৌঁছানোর সম্ভাবনা অতি নগণ্য। বর্তমানে এ মুদ্রা ইস্যু করা হয়েছে এবং হাজার হাজার মানুষ এর মাধ্যমে আর্থিক লেনদেন করছে। এমনকি কিছু বিখ্যাত এবং সুপরিচিত কারেন্সি রেট ওয়েবসাইটগুলি সাধারণ মুদ্রার মত রেকর্ড এবং বিনিময়গুলিকে প্রচার করে।

এগুলি হল মুদ্রার সারাংশ যা আমরা বিটকয়েন নামে জানি। এখন আমরা এ ডিজিটাল মুদ্রাটি বিস্তারিত ব্যাখ্যা সহকারে গবেষণা করব।

## বিটকয়েন এর নামকরণ ও উৎপত্তি

বিটকয়েন শব্দটি প্রথম ব্যবহার করা হয়েছিল ৩১ অক্টোবর ২০০৮ সালে। যা বিট (Bit) এবং কয়েন (coin) দু'টি শব্দের সংমিশ্রণ; যার অর্থ ক্রিপ্টোকারেন্সি তথা গোপন মুদ্রা। এটির উদ্ভাবক কে তা নিশ্চিতভাবে জানা যায়নি, এটি একটি ব্যক্তি নাকি গোষ্ঠি নাকি কোম্পানি। তবে এটি ৩ জানুয়ারি ২০০৯ সালে সাতোশি নাকামাতো (Satoshi nakamoto) নামে সফটওয়ার ডেভোলাপার (Software Developer) আবিস্কার করেন। তার উদ্দেশ্য ছিল এমন অনলাইন (Online) মুদ্রা তৈরী করা; যা কোন ব্যাংকিং সিস্টেম (Banking System) দ্বারা নিয়ন্ত্রিত নয় এবং নূন্যতম লেনদেন ফি দিয়ে এক জায়গা থেকে অন্য জায়গায় পাঠানো যাবে।

## বিটকয়েন এর গঠন এবং তার ব্যবহার পদ্ধতি

বিটকয়েন (Bitcoin) এর গঠন বুঝার জন্য প্রথমে আমাদের স্বাভাবিক মুদ্রার গঠন বুঝতে হবে। উদাহরণস্বরূপ, বর্তমানে আমাদের মধ্যে যে টাকা; রুপি অথবা ডলার ইত্যাদির আকারে আছে; তার একটি বাস্তবিক অস্তিত্ব আছে। অর্থাৎ আমরা এ মুদ্রাগুলিকে নিজ হাতে স্পর্শ করতে পারি। এছাড়াও, আমাদের নিকট বাংলাদেশী টাকা বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank) এবং ভারতীয় রুপি ভারতীয় কেন্দ্রীয় ব্যাংক রিজার্ভ ব্যাংক (RBI) দ্বারা নিয়ন্ত্রিত হয়। আর যখনই এই টাকাগুলি স্থানান্তর করা হয় বা ধার করা হয়, সম্পূর্ণ রেকর্ডটি ব্যাংকের কাছে পাওয়া যায়। তবে বিটকয়েন এর লেনদেনের ক্ষেত্রে তেমন কিছু নেই। কারণ হচ্ছে বিটকয়েন একটা Virtual Currency এটিকে বিশ্বের কোনো ব্যাংক নিয়ন্ত্রণ করতে পারে না। এ কারণে তাকে (Decentralized Currency)ও বলে। আর এর (Transactions) লেনদেনগুলি কাকে এবং কোথায় পাঠানো হয়; তা শনাক্ত করা প্রায় অসম্ভব।

## ব্লকচেইন (Blockchain) এর বাস্তবতা

বিটকয়েন বিভিন্ন ইউনিট আকারে এক ব্যক্তি থেকে অন্য ব্যক্তির কাছে স্থানান্তর করা হলে তার ট্রানজেকশন (Transaction) কে ইন্টারনেটের

মাধ্যমে একটি পাবলিক লেজারে (Public Ledger) নিয়মতান্ত্রিক রেকর্ড রাখা হয়। এই পাবলিক লেজার (Public Ledger) কে ব্লকচেইন বলে। এটি আসলে সে সফটওয়ার যা বিশেষভাবে বিটকয়েন (ট্রান্সমিশন) পাঠানো এবং রেকর্ড রাখার জন্য বানানো হয়েছে। আর এটি প্রকৃতপক্ষে এর রেকর্ড এর কারণে প্রেরক এবং প্রাপকের জন্য একটি গ্যারান্টার হিসেবে কাজ করে। যার কারণে বিটকয়েন ব্যবহারকারীর সংখ্যা দিন দিন বাড়ছে।

## বিটকয়েন উপার্জনের দু'টি উপায়

বিটকয়েন উপার্জনের একটি উপায় হল আপনার পণ্য (Product) অথবা আপনার পরিষেবা (Service) অনলাইনে বিক্রয় করে তার বিনিময়ে আপনি বিটকয়েন উপার্জন করতে পারেন। অন্যদিকে বিটকয়েন উপার্জনের আরেকটি পদ্ধতি; যা বিশ্বব্যাপী ব্যবহৃত হচ্ছে, তাকে বিটকয়েন মাইনিং (Bitcoin Mining) বলে। বিটকয়েন মাইনিং (Bitcoin Mining) দু'টি কাজ করে। প্রথমটি বিটকয়েন নেটওয়ার্ক (Network) এ ক্রয় বিক্রয় (Transaction) যাচাই করা এবং দ্বিতীয়টি হল বিটকয়েন তৈরী করা। বিটকয়েন মাইনিং করার জন্য অনেক শক্তিশালী কম্পিউটার এক সাথে সংযুক্ত করা হয় গাণিতিক হিসাব (Mathematical Calculation) সমাধান করার জন্য। তারপর এই গণনাগুলি (Calculation) সমাধান করার বিনিময়ে, কম্পিউটারের মালিক কে পুরস্কারস্বরূপ বিটকয়েন দেয়া হয়।

বিটকয়েন চালু করা হলে তখন এর খনি (Mining) এর সীমাও নির্ধারণ করা হয়েছিল। ২১ মিলিয়ন অর্থাৎ দু' কোটি দশ লক্ষ থেকে বেশি বিটকয়েন কখনই চালু করা হবে না; যা প্রায় ২০১০ সাল থেকে ২১৪০ পর্যন্ত সময়ে পূর্ণ হবে।

## বিটকয়েন এর অপব্যবহার

আমরা উপরে উল্লেখ করেছি, বিটকয়েন কাকে এবং কোথায় (Transaction) পাঠানো হয়েছে; তা খুঁজে বের করা অসম্ভব। কিছু অপরাধী গোষ্ঠি (Criminal Groups) বিটকয়েন এর এই অনন্য

বৈশিষ্ট্যের সুবিধা নিয়ে এটি ভুল জিনিসের জন্য ব্যবহার করা শুরু করেছে। মাদক ব্যবসা (Drugs Dealing) ব্লাকমেইলিং (Black Mailing) এবং অপহরণ (Kidnapping) ইত্যাদির মত সব ধরণের অপরাধমূলক কার্যকলাপে বিটকয়েন দ্বারা লেনদেন শুরু করেছে। উদাহরণস্বরূপ, এই কুখ্যাত মুদ্রা বিটকয়েন দিয়ে ইন্টারনেটে (Silkroad) নামক ওয়েবসাইট থেকে সমস্ত অবৈধ এবং অপরাধমূলক পণ্য ক্রয় করছিল। এ কারণে ২০১৩ সালে বেআইনি কার্যকলাপের সাথে জড়িত ওয়েবসাইট (Silkroad) আমেরিকার (FBI) বন্ধ (Ban) করেছিল। তা প্রায় এক লক্ষ থেকে বেশি বিটকয়েন, যার মূল্য ২৮.৫ মিলিয়ন আমেরিকান ডলার ছিল।

যেহেতু এই মুদ্রাটি প্রচলিত ব্যাংকিং ব্যবস্থার বিরুদ্ধে কাজ করে এবং সমস্ত আইনি প্রয়োজনীয়তা পূরণ করে না, তাই বিশ্বের বিভিন্ন দেশে এটি নিষিদ্ধ করেছে এবং এর লেনদেন একটি নিয়মিত অপরাধ হিসেবে বিবেচিত হয়।

## বিটকয়েন কাগজের মুদ্রার সাথে তুলনা

বর্তমান কাগজের মুদ্রা যেমন বাংলাদেশী টাকা এবং ভারতীয় রুপি মার্কিন ডলার ইত্যাদির সাথে তুলনা করা সঠিক নয়। তেমনিভাবে বিটকয়েনকে কাগজে মুদ্রা বাংলাদেশী টাকা এবং ভারতীয় রুপি এবং আমেরিকার ডলার ইত্যাদির সাথেও তুলনা করা সঠিক নয়। কারণ বাংলাদেশী টাকা; ভারতীয় রুপি এবং মার্কিন ডলার ইত্যাদির শক্তি সেই দেশের অর্থনৈতিক অবস্থার উপর নির্ভর করে। উদাহরণস্বরূপ, বাংলাদেশের অর্থনৈতিক অবস্থা স্থিতিশীল থাকলে, ভাল কাজ করলে, বাংলাদেশী মুদ্রার মান (Value) বাড়বে; ভারতের অর্থনৈতিক অবস্থা স্থিতিশীল থাকলে, ভাল কাজ করলে ভারতীয় মুদ্রার মান (Value) বাড়বে। বিপরীতে কোন দেশের অর্থনৈতিক অবস্থা অস্থিতিশীল হলে সে দেশের মুদ্রার মূল্য (Value) কমে যাবে। যেমন জিম্বাবুয়ে (Zimbabwe) এর অর্থনৈতিক পরিস্থিতি অস্থিতিশীল হয়ে পড়লে তখন দেশটির মুদ্রা এতটাই পড়ে যায়, একটি ডিমের মূল্য সে দেশের ২০,০০০/- টাকা পর্যন্ত পৌঁছে যায়। মুদ্রার ওঠানামা বা তার মূল্য সেই দেশের অর্থনৈতিক অবস্থার উপর নির্ভর করে। যেহেতু বিটকয়েন বিশ্বের কোনো দেশের অর্থনৈতিক অবস্থার সাথে কোনো সম্পর্ক নেই এবং এটি একটি স্থায়ী স্বাধীন (Decentralized) মুদ্রা।

তাই আমরা বিটকয়েনকে সাধারণ কাগজের মুদ্রার সাথে কখনই তুলনা করতে পারি না।

## বিটকয়েন এর মূল্য ওঠানামার কারণ

যতদূর বিটকয়েন এর মূল্য সম্পর্কিত, এটি সরবরাহ (Demand) এবং চাহিদা (Supply) এর উপর নির্ভর করে। অর্থাৎ যত বেশি মানুষ এই  মুদ্রা ক্রয় করবে; এর মূল্য তত বেশি বাড়বে। অন্যদিকে এর চাহিদা (Supply) কমে গেলে এবং সরবরাহ (Demand) বাড়লে দাম কমে যাবে।

সংক্ষেপে বিটকয়েন প্রকৃতপক্ষে মানুষের প্রবণতা এবং অপ্রবণতার উপর নির্ভর করে। অর্থাৎ যত বেশি লোক বিটকয়েন কিনবে বা বিনিয়োগ করবে; তার মূল্য তত বাড়বে। আর লোকেরা বিটকয়েনে বিনিয়োগ বন্ধ করলে এবং নিজের কাছে থাকা বিটকয়েন বিক্রি করা শুরু করলে; বিটকয়েনের মান কমে যাবে।

## বিটকয়েন কি জুয়া খেলার একটি রূপ?

আমরা উল্লেখ করেছি যে, বিটকয়েন প্রকৃতপক্ষে মানুষের প্রবণতা এবং অপ্রবণতার উপর ভিত্তি করে। তাই এখন প্রতিটি বিটকয়েন বিনিয়োগকারী (Investor) প্রথম থেকেই এ কথা মনে রাখেন যে, মূল্য বৃদ্ধির ৫০% এবং মূল্য হ্রাসের ৫০% সম্ভাবনা রয়েছে। অর্থাৎ বিনিয়োগকারীদের মনে এ কথা রয়েছে, যদি বেশি বেশি মানুষ বিটকয়েনে বিনিয়োগ করে, তবে এর চাহিদা (Demand) এর কারণে আমার লাভ হবে। অন্যদিকে মানুষ বিটকয়েনে অর্থ বিনিয়োগ না করে, বিটকয়েন থেকে নিজ অর্থ উত্তোলন শুরু করলে অতি সরবরাহের (Over Supply) কারণে আমার ক্ষতি হবে। তাই এটি দু'টি জিনিসের মধ্যে ঝুলে আছে।

এখন দু'টি অবস্থা হয়েছে। হয় তার বিটকয়েনে বিনিয়োগ করা অর্থও ডুবে গেছে। অথবা নিজে প্রচুর সম্পদ নিয়ে এসেছে। একে জুয়া (Gambling) বলে। সম্পূর্ণ নিশ্চিত হওয়ার জন্য এটিকে আরও একটু বিস্তারিতভাবে বুঝুন, অন্যথায় লোকেরা সাধারণত এই বলে চলে যায় যে,

এখানে নতুন নতুন মৌলভী এবং নতুন নতুন ফাতওয়া রয়েছে; অথচ সব মৌলভি বা মুফতি কুরআন, হাদীসের আলোকেই ফাতওয়া দেন।

তাই জুয়ার ক্যাটাগরিতে বিটকয়েন যুক্ত করা হয়েছে। তা আরও ভালভাবে বোঝার জন্য একটি সহজ উদাহরণ হল; আমাদের দেশে বাংলাদেশ-পাকিস্তান, ভারত-পাকিস্তানের মধ্যে কোন ক্রিকেট ম্যাচ হলে; জুয়ার বাজার উত্তপ্ত হয়। জুয়া খেলায় যা হয়, তা হল; একজন লোক তার প্রিয় দলের নামে টাকা বাজি ধরে; আমার দল ম্যাচ জিতলে আমি আপনার কাছ থেকে বাজি অনুযায়ী টাকা নেব। বিপরীতে অন্য ব্যক্তি অন্য দলের উপর টাকা রাখে, আমার দল ম্যাচ জিতলে আমি শর্ত অনুযায়ী আপনার কাছ থেকে টাকা নেব। যেন উভয়ের জেতার সম্ভাবনা (Chances) পঞ্চাশ-পঞ্চাশ শতাংশ। সুতরাং বিটকয়েনে প্রায় একই হিসাব হয়; আপনি ডুবে যাবেন বা আপনি আপনার প্রত্যাশার চেয়ে বেশি অর্থ উপার্জন করবেন। তাই এখন লোকেদের প্রবণতা বাড়তে থাকলে এবং লোকেরা ক্রয় করতে থাকলে আপনার বিটকয়েনের মূল্য বৃদ্ধি পাবে। কিন্তু মানুষ বিটকয়েন থেকে টাকা বের করা শুরু করলে বিটকয়েনের মূল্য কমে যাবে এবং হয়ত প্রত্যাশার চেয়েও খারাপ হবে। তাই এ থেকে নিজেকে রক্ষা করাই বুদ্ধিমানের কাজ। অন্যথায় লোভের চক্রে পড়ে দুনিয়া ও আখেরাত উভয়ই নষ্ট হয়ে যাওয়ার প্রবল সম্ভাবনা রয়েছে।

## বিটকয়েন এর জনপ্রিয়তার রহস্য

প্রশ্ন হল; শরীয়তকর্তৃক ও অর্থনৈতিক সমস্ত অসুবিধা সত্ত্বেও বিটকয়েন কীভাবে এত জনপ্রিয় হয়ে উঠল? তার সহজ উত্তর হল; এই নতুন মুসিবত বিটকয়েনকে জনপ্রিয় করতে মিডিয়া এবং অন্যান্য মাধ্যম একটি বিশাল ভূমিকা পালন করেছিল এবং বৈশিষ্ট্যগতভাবে অনেক দেশে কৃত্রিম মুদ্রার সঙ্কট (Artificial Currency Crisis) তৈরি করেছিল। উদাহরণস্বরূপ, যখন ভারত সরকার ৮ নভেম্বর ২০১৬ সালে ৫০০ এবং ১০০০ টাকার পুরাতন নোট বাতিল করে; তখন এ ধরণের ক্রিপ্টোকারেন্সি বিটকয়েনের চাহিদা হঠাৎ করে আকাশচুম্বী হয়ে যায়। এটির যুক্তি দেয়া হয়: অক্টোবর; নভেম্বর ২০১৬ এর মধ্যে একটি বিটকয়েনের মূল্য ছিল মাত্র $৬০০ থেকে $৭৮০ মার্কিন ডলার।

জানুয়ারি ২০১৭ সালে এটির মূল্য $৮০০ থেকে $১,১৫০ মার্কিন ডলার এ পৌঁছেছিল। আর এর মূল্য দিন দিন বাড়তে থাকে। ১৯ ডিসেম্বর ২০১৭ সালে একটি বিটকয়েনের মূল্য ১৭,৬০৮ মার্কিন ডলারে পৌঁছে। আর এর মাধ্যমে অনেক কালো টাকাধারী (Black Money Holders) তাদের কালো টাকা (Black Money) লুকিয়ে রাখার একটি সুবর্ণ সুযোগ পেয়েছিলেন। আর ভারতীয় সরকার কালো টাকা (Black Money) মুছে ফেলার মিথ্যা দাবি করে থাকেন।

## বিটকয়েনের সুবিধা (Advantages)

ডিজিটাল মুদ্রার অনেক সুবিধার কথা বলা হয়েছে, বিশেষ করে আমরা বিটকয়েনের কথা বললে এর সবচেয়ে বড় সুবিধা হল; অন্যান্য মুদ্রার তুলনায় নিরাপত্তার স্তর খুবই শক্তিশালী এবং টেকসই; এটি বিটকয়েনের বড় দাবি। কিন্তু সময়ই বলবে, এই দাবিটি বাস্তবতার ভিত্তিতে ছিল না কি শুধুমাত্র মৌখিক সঞ্চয়ের ভিত্তিতে ছিল।

বিটকয়েনের দ্বিতীয় সুবিধা হল: এর মাধ্যমে লেনদেন করার সময় লেনদেনকারীদের পরিচয় সুরক্ষিত থাকে। উদাহরণস্বরূপ, কোন ব্যক্তি তার দেশের মুদ্রা নিয়ে লেনদেন করলে সে দেশের সরকার এবং কেন্দ্রীয় ব্যাংক জানে তার একাউন্টে কত টাকা স্থানান্তরিত হয়েছে বা কত টাকা অন্য একাউন্টে স্থানান্তরিত (Transactions) হয়েছে; বা কত টাকার কেনাকাটা হয়েছে ইত্যাদি ইত্যাদি।

বিটকয়েনের তৃতীয় সুবিধা হল: বিটকয়েনের মাধ্যমে লেনদেন (Transactions) করা হলে NEFT এবং RTGS ইত্যাদি লেনদেনের তুলনায় ফি খুবই কম।

বিটকয়েনের চতুর্থ সুবিধা হল: কোনও ব্যক্তি কোন ব্যাংকে একাউন্ট খুলতে চাইলে ব্যাংক কর্মকর্তা তার কাছে প্রচুর নথি (Documents) চান এবং সেই সাথে ব্যাংক কর্মকর্তাও চেক করেন একাউন্ট খোলার উপযুক্ত কি না? ব্যাংক একাউন্ট থাক বা না থাক। যেখানে বিটকয়েনে যে কেউ একাউন্ট খুলতে পারেন এবং কোন বাঁধা ছাড়াই যে কোন ধরণের লেনদেন করতে পারেন।

এগুলি বিটকয়েনের সুবিধাসমূহ যা অনেক মানুষ লক্ষ করেছেন; বিশেষ করে যারা তাদের গোপনে উপার্জিত লাভগুলি রহস্যজনকভাবে এক জায়গা থেকে অন্য জায়গায় নিয়ে যেতে চান; তারা বিটকয়েন পছন্দ করেন। আর তারা শুধু তার ভক্ত ও সমর্থকই নয়; বরং যারা এর বিরুদ্ধে আওয়াজ ওঠান বা কলম তোলেন তাদেরও প্রবল বিরোধী। আর বিটকয়েন সংক্রান্ত কোন শরয়ী হুকুম তাদের সামনে উল্লেখ করলে এ ধরণের আলেম ও মুফতিদের জাহেল ও সংকীর্ণমনার মত বড় বড় উপাধিতে ভূষিত করেন।

## বিটকয়েনের অসুবিধা (Disadvantag)

বিটকয়েনের সবচে বড় অসুবিধা হল, এর উচ্চ অস্থিরতা (High Volatility) অর্থাৎ সবসময় উচ্চ ওঠানামার ঝুঁকি থাকে, যার কারণে বিনিয়োগকারীর মূলধন (Capital) সুরক্ষিত করার সম্ভাবনা খুবই বিরল। অর্থাৎ বিটকয়েনে বিনিয়োগকারী যে অর্থ বিনিয়োগ করেছেন তার ক্ষতির ঝুঁকি সবসময় থাকে। অনেকে হয়ত বলবেন; ২০১৭ সালে বিটকয়েনের মূল্য দশগুণ বেড়েছে; তাহলে এতে ক্ষতির ঝুঁকি কী? তার উত্তর হল: আমাদের এটাও ভাবা উচিত, যে মুদ্রা এক বছরের মধ্যে তার আসল মূল্য থেকে দশ গুণের বেশি বাড়তে পারে, সেই মুদ্রা কি বছরে দশবার কমতে পারে না? তাই একই উচ্চ অস্থিরতা এর কারণে এই মুদ্রা অন্যান্য মুদ্রার তুলনায় অনিরাপদ বলে।

বিটকয়েনের দ্বিতীয় অসুবিধা হল: বিটকয়েনের মালিক যে বিটকয়েন সঞ্চয় (Store) করে; তাকে ই-ওয়ালেট (E-wallet) বলে। আর এ ই-ওয়ালেট কোনো অনুমোদিত Authorised বা নিয়ন্ত্রিত Regulated ই-ওয়ালেট নয়। আল্লাহ তা'আলা না করুন; এ ই-ওয়ালেট যদি কোনওভাবে শেষ হয়ে যায়। উদাহরণস্বরূপ, কেউ এই ই-ওয়ালেটকে হ্যাক (Hack) করলে, বিটকয়েনের মালিক কারও কাছে তার বিটকয়েন দাবি করতে পারবে না; কারণ এই ই-ওয়ালেটটি অনুমোদিত নয় এবং নিয়ন্ত্রিত নয়। এমন ক্ষেত্রে যে ক্ষতি হবে তা শুধুমাত্র বিটকয়েনের মালিককে বহন করতে হবে। একইভাবে বিটকয়েনের মালিক তার ই-ওয়ালেট এর পাসওয়ার্ড (Password) ভুলে গেলে অথবা অন্য কোনো ব্যক্তির ই-ওয়ালেট এর

পাসওয়ার্ড চুরি করলে এতে সংরক্ষিত বিটকয়েনের কী হবে? তাই এ সমস্ত ঝুঁকি যা কখনই অস্বীকার করা যায় না।

বিটকয়েনের তৃতীয় অসুবিধা হল: আপনি বিটকয়েনের মাধ্যমে যে অর্থ প্রদান (Payment) করবেন; তা হল (p2p) Peer to Peer। অর্থাৎ সরাসরি (কোন তৃতীয় পক্ষের হস্তক্ষেপ ছাড়া) পেমেন্ট তথা অর্থ প্রদান করা হয়। এতে অসুবিধা হল; পেমেন্ট করার পর যাকে পেমেন্ট করা হয়েছে, সে প্রত্যাখ্যান করল বা তর্ক (Dispute) শুরু করল যে আমি দিব না, তাহলে তার বিরুদ্ধে মামলা করার আপনার কোন উপায় নেই। কারণ এখানে আপনি যে অর্থ প্রদান করেছেন; তা শুধুমাত্র আপনার এবং আপনি যাকে অর্থ প্রদান করেছেন তার মধ্যে রয়েছে। তৃতীয় কোনো প্রতিষ্ঠান (Institution) বা কোন নিয়ন্ত্রক (Regulator) এর হস্তক্ষেপ নেই। অতএব, যদি প্রতিযোগী প্রত্যাখ্যান করেন; তবে তার কাছ থেকে একটি পয়সাও দাবি করার আইনগত অধিকার আপনার থাকবে না।

চতুর্থ আর সবচেয়ে বড় অসুবিধা হল: বিটকয়েন একটি সম্পদ ভিত্তিক (Asset Based) মুদ্রা নয়। বরং একটি চাহিদা ভিত্তিক (Demand Based) মুদ্রা। আমরা সাধারণত যে মুদ্রার সাথে লেনদেন করি, তা সর্বদা কিছু অন্তর্নিহিত সম্পদ (Underlying Asset) এর সাথে সংযুক্ত থাকে। উদাহরণস্বরূপ, একজন ব্যক্তি স্টক এক্সচেঞ্জ (Stock Exchange) থেকে শরীয়াহসম্মত শেয়ার ক্রয় করলে তবে এর বিনিময়ে কোম্পানিতে শেয়ার পরিমাণ মালিক হন। অর্থাৎ যা কিছু শেয়ার ক্রয় করা হয়; তা কোনো না কোনো সম্পদ (Asset) দ্বারা ব্যাক (Backing) করা হয়। কিন্তু বিটকয়েনের ক্ষেত্রে কোন ব্যাকিং (Backing) নেই; এগুলি কেবল বাতাসে রয়েছে, এর পিছনে কোনও অন্তর্নিহিত সম্পদ (Underlying Asset) নেই। তাই অনুগ্রহ করে চিন্তা করুন, এই ক্ষেত্রে কী বিটকয়েন ক্রয় করা সঠিক কাজ?

অতএব, এইগুলি বিটকয়েনের কিছু অসুবিধা যা আমরা সংক্ষেপে উপস্থাপন করেছি, কেউ এটির প্রযুক্তিগত দিক থেকে আরও বিবেচনা করলে; এরকম আরও অনেক ত্রুটি স্পষ্ট করা যেতে পারে।

## বিটকয়েনে বিনিয়োগ করা কেমন?

বিটকয়েনে অর্থ বিনিয়োগ করা বা রাখা বোকামী। কারণ যখন এটা পরিস্কার যে, এ মুদ্রার কোন (Owner) মালিক নেই। এখন যদি আমরা ধরে নিই, আগামীকাল এই মুদ্রাটি কোনভাবে বিলুপ্ত হয়ে যাবে; বা এর মান শূন্য হয়ে গেলে বা এর সিস্টেম হ্যাক (Hack) করা হলে; এমন ক্ষেত্রে যে ব্যক্তি এই বিটকয়েনগুলিতে অর্থ বিনিয়োগ করেছে সে তার অর্থ ফেরত দেওয়ার জন্য কার উপর মামলা করবে। যেভাবে আমাদের কাছে বাংলাদেশীয় টাকার মত সাধারণ কাগজের মুদ্রা রয়েছে বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank) এর গ্যারান্টার; যদি কেউ এই মুদ্রা গ্রহণ (Accept) না করে, বা এর মান স্বীকৃত না হলে; বাংলাদেশ ব্যাংক (Bangladesh Bank) এর জন্য দায়ী। যেভাবে ভারতীয়দের কাছে ভারতীয় রুপির মত সাধারণ কাগজের মুদ্রা রয়েছে সেন্ট্রাল ব্যাংক (RBI) এর গ্যারান্টার। কেউ এই মুদ্রা গ্রহণ না করলে, বা এর মান স্বীকৃত না হলে সেন্ট্রাল ব্যাংক (RBI) এর জন্য দায়ী। যেমন, ৮ নভেম্বর ২০১৬ তারিখে, ভারত সরকার যখন ৫০০ এবং ১০০০ রুপীর পুরনো নোট বাতিল করে দেয়, তখন বাতিল নোটগুলিকে অভিহিত মূল্যে প্রতিস্থাপিত করা হয়। অথচ বিটকয়েনের মত অনলাইন (Virtual) মুদ্রায় এরকম কিছুই ঘটতে পারে না; কারণ এটি কোনও ব্যক্তি, বা কোনও সংস্থা বা ব্যাংক বা কোনও দেশের সরকার গ্যারান্টার নয়।

অতএব, এর ক্ষতির ক্ষেত্রে আমরা কাউকে দোষ দিতে পারি না বা কারও বিরুদ্ধে মামলা করতে পারি না, তাই এ ধরণের দাজ্জালি মুদ্রা থেকে যথাসম্ভব পরিহার করাই বুদ্ধিমানের দাবি।

## বিটকয়েন এর শরয়ী বিধান

বিটকয়েন সম্পর্কে সকল উলামায়ে কেরাম এর তাহকীক এটাই যে; এটি জায়েয নেই। তাই এ ব্যাপারে নিজের মতামত না দিয়ে মাদারে ইলমী দারুল উলূম দেওবন্দ এর ফাতওয়াকেই যথেষ্ট ও পর্যাপ্ত মনে করি। কেননা আন্তর্জাতিক প্রতিষ্ঠান যখন পুঙ্খানুপুঙ্খ গবেষণা করে এই মুদ্রা বিষয়ে চূড়ান্ত মতামত প্রতিষ্ঠা করে; তখন আমরা তাদের বিরুদ্ধে ভিন্ন মত প্রতিষ্ঠা করার কে?

অতএব, বিটকয়েন এর শরয়ী বিধান সম্পর্কে দারুল উলূম দেওবন্দ এর ফাতওয়া উদ্ধৃত করাই উত্তম মনে করি।

তাছাড়া শুধু দারুল উলূম দেওবন্দই নয়, মিশরের আলেমগণ, ফিলিস্তিনের আলেমগণ এবং তুরস্কের সরকার সরকারীভাবে এটিকে নিষিদ্ধ করেছেন এবং আরও অনেক দারুল ইফতার ফাতওয়াও একই যে, এই মুদ্রাই বিনিয়োগ করা জায়েয নেই।

## দারুল উলূম দেওবন্দ এর ফাতওয়া

প্রশ্ন নং: **১৫৫০৬৮**

প্রশ্ন:- আমি বিটকয়েন এর ব্যবসা করছি, এটা কি জায়েয? আমি বিটকয়েন এ ইনভেস্ট করছি; এটার অনুমতি আছে কি?

উত্তর নং: **১৫৫০৬৮**

ফতওয়া: ১৪২০-১৩৯৯/এন=১/১৪৩৯

উত্তর:- বিটকয়েন বা যে কোন ডিজিটাল কারেন্সি একটি কাল্পনিক মুদ্রা মাত্র। এতে প্রকৃত মুদ্রার মৌলিক বৈশিষ্ট্য ও শর্ত একেবারেই নেই। আর বর্তমান বিটকয়েন বা ডিজিটাল কারেন্সি ক্রয়-বিক্রয়ের নামে নেটে যে ব্যবসা চলছে; তা শুধুই একটি প্রতারণা। এতে কোন প্রকৃত বিক্রয় ইত্যাদি নেই। আর এ ব্যবসায়ে বিক্রয়ের বৈধতার জন্য কোন শরয়ী শর্ত নেই। বরং এটা প্রকৃতপক্ষে ফরেক্স ট্রেডিং এর মতই এক প্রকার সুদ এবং জুয়া। অতএব, বিটকয়েন বা যে কোন ডিজিটাল মুদ্রা ক্রয়-বিক্রয়ের আকারে যে কোন ইন্টারনেট ব্যবসা শরয়ীভাবে হালাল ও জায়েয নয়; তাই বিটকয়েন বা তথাকথিত ডিজিটাল কারেন্সি ব্যবসায় অর্থ বিনিয়োগ করবেন না। আরও বিস্তারিত জানার জন্য, পূর্বের ফাতওয়া (২৩৮/এন, ৮৮১/এন, ১৪৩৮ এএইচ. ৪৮০/এন, ৮৯৬/এন, ১৪৩৮এএইচ) দেখা উচিত।

আল্লাহ তা'আলা বলেন-

وَأَحَلَّ اللَّهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبَا.[১]

[১] . বাকারা আয়াত: ২৭৫ سورة البقرة: الآية: ٢٧٥

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْأَنْصَابُ وَالْأَزْلَامُ رِجْسٌ مِنْ عَمَلِ الشَّيْطَانِ فَاجْتَنِبُوهُ لَعَلَّكُمْ تُفْلِحُونَ.[২]

قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِنَّ اللَّهَ حَرَّمَ عَلَى أُمَّتِي الْخَمْرَ وَالْمَيْسِرَ.[৩]

وَلَا تَأْكُلُوْا أَمْوَالَكُمْ بَيْنَكُمْ بِالْبَاطِلِ أَيْ بِالْحَرَامِ يَعْنِيْ بِالرِّبَا، وَالْقِمَارِ، وَالْغَصَبِ وَالسَّرِقَةِ.[৪]

لِأَنَّ الْقِمَارَ مِنْ الْقَمَرِ الَّذِي يَزْدَادُ تَارَةً وَيَنْقُصُ أُخْرَى ، وَسُمِّيَ الْقِمَارُ قِمَارًا لِأَنَّ كُلَّ وَاحِدٍ مِنْ الْمُقَامِرَيْنِ مِمَّنْ يَجُوزُ أَنْ يَذْهَبَ مَالُهُ إلَى صَاحِبِهِ ، وَيَجُوزُ أَنْ يَسْتَفِيدَ مَالَ صَاحِبِهِ وَهُوَ حَرَامٌ بِالنَّصِّ.[৫]

وَلَا تَعَاوَنُوا عَلَى الْإِثْمِ وَالْعُدْوَانِ.[৬]

আল্লাহ তা'আলাই ভাল জানেন।
দারুল ইফতা,
দারুল উলুম দেওবন্দ।

বিটকয়েন সম্পর্কে ২০১৭ সালে দারুল উলুম দেওবন্দে প্রশ্ন করা হয়েছিল। যার বিস্তারিত উত্তর দেখুন।

ফাতওয়া: ২৩৮-৮৮১/এন=১৪৩৯

(১,২) বর্তমান বিশ্বে যে বিভিন্ন মুদ্রা ব্যবহার করা হচ্ছে, সেগুলি সম্পদ নয়। তা কেবল একটি কাগজের টুকরো, এর মধ্যে যে সম্পদ অথবা প্রচলিত যে মূল্য পাওয়া যায়; তা দু' ভাবে। একটি কারণ তার পিছনে দেশের অর্থনৈতিক বিষয় রয়েছে। এ কারণে দেশের প্রবৃদ্ধি ও পতনের প্রভাব মুদ্রার মূল্যের উপর পড়ে। অর্থাৎ: অর্থনীতির কারণেই দেশের মুদ্রার মূল্য বৃদ্ধি পায়। আর দ্বিতীয় কারণ হল, প্রতিটি দেশ জনসাধারণের কাছে

---

[২] . সুরা মায়েদা আয়াত: ৯০ سورة المائدة: الآية ٩٠

[৩] . মুসনাদে আহমাদ হাদীস নং ৬৫৬৪ مسند أحمد بن حنبل رقم ٦٥٦٤

[৪] . তাফসীরে বগবী ২৯২ সুরা নিসা আয়াত: ২৯ التفسير للبغوي سورة النساء: الآية ٢٩

[৫] . রদ্দুল মুহতার ৭/৬৬৫ رد المحتار ٦٦٥/٧ كتاب الحظر والإباحة، فصل في البيع.

[৬] . সুরা মায়েদা আয়াত: ২ سورة المائدة: الآية ٢

তার মুদ্রার জন্য দায়ী। এ কারণেই যখন একটি দেশ তার মুদ্রা স্থগিত করে, তখন মুদ্রাটি নিছক কাগজের নোটে পরিণত হয় এবং এর কোন মূল্য বা মর্যাদা থাকে না। এখন প্রশ্ন হল, ডিজিটাল কারেন্সির পিছনে কী আছে যা এর মূল্য নির্ধারণ করে এবং এর বৃদ্ধি ও পতনের কারণে মুদ্রার মূল্য হ্রাস পায়? একইভাবে এই মুদ্রার গ্যারান্টার কে? এছাড়াও মুদ্রার পিছনে যা পাওয়া যায়; তা কি প্রকৃতপক্ষে মুদ্রার গ্যারান্টার দ্বারা নিয়ন্ত্রিত নাকি এটি একটি কাল্পনিক জিনিস?

ডিজিটাল কারেন্সি সম্পর্কে বিভিন্ন প্রবন্ধ পড়া এবং বিবেচনা করার পর দেখা গেল, ডিজিটাল মুদ্রা একটি কাল্পনিক জিনিস এবং এর শিরোনাম শুধুমাত্র প্রদর্শনের জন্য হাতির দাঁতের মত। আর প্রকৃতপক্ষে এটি ফরেক্স ট্রেডিং ইত্যাদির মতই নেটে বাজি এবং সুদ ব্যবসার একটি রূপ। এখানে প্রকৃতপক্ষে পণ্য ইত্যাদি পাওয়া যায় না। আর এ ব্যবসায় ক্রয় বিক্রয়ের বৈধতার শরয়ী শর্তও নেই।

সুতরাং, সংক্ষেপে বিটকয়েন বা অন্য কোন ডিজিটাল কারেন্সি শুধুমাত্র ভার্চুয়াল কারেন্সি। প্রকৃতপক্ষে কারেন্সি বা মুদ্রা নয়। কোন ডিজিটাল কারেন্সি প্রকৃতপক্ষে মুদ্রার মৌলিক বৈশিষ্ট্য নেই। এছাড়াও ডিজিটাল কারেন্সি জুয়াবাজি এবং সুদি ব্যবসায় পরিচিত। তাই বিটকয়েন বা ডিজিটাল মুদ্রা ক্রয় করাও জায়েয নয়। তেমনিভাবে বিটকয়েন বা যে কোন ডিজিটাল কারেন্সির ব্যবসাও ফরেক্স ট্রেডিং এর মত অবৈধ ও নাজায়েয। তাই এই ব্যবসা এড়িয়ে চলুন।

আল্লাত তা'আলাই ভাল জানেন।

দারুল ইফতা

দারুল উলূম দেওবন্দ।

## সারমর্ম

অতএব, যখন এটা স্পষ্ট হয়ে গেছে; বিটকয়েন ক্রয় বিক্রয় এবং তাতে বিনিয়োগ করা হারাম। এখন মুসলিম উম্মাহর দায়িত্ব হলঃ এর থেকে নিজেদেরকে দূরে রাখবে এবং একইভাবে এই ধরণের কোম্পানিতে বিনিয়োগ থেকে দূরে থাকবে; যারা হালাল অংশীদারিত্বের নামে বিটকয়েন

এর মত হারাম জিনিসে অর্থ বিনিয়োগ করে এটি থেকে আসা লভ্যাংশ (Profit) হালাল বলে বিতরণ করে। এ কারণে বর্তমানে বিশেষ করে বেঙ্গালোর ও হায়দ্রাবাদ প্রভৃতি শহরে অনেক কোম্পানি সামনে এসেছে, যারা পার্টনারশিপ নামে মানুষদের থেকে টাকা নিয়ে বিটকয়েনে বিনিয়োগ করে সেখান থেকে আসা লভ্যাংশ গ্রহণ করে প্রতি মাসে হালাল লভ্যাংশ নামে টাকা বিতরণ করেন। এমতাবস্থায় প্রত্যেক বিনিয়োগকারীর দায়িত্ব তিনি যে কোম্পানিতে বিনিয়োগ করতে চান, বিনিয়োগ করার পূর্বে তিনি কোম্পানির কর্মকর্তাদের সঙ্গে ভালভাবে গবেষণা করে দেখবেন, আমার টাকা কোথায় এবং কোন প্রকল্পে (Project) বিনিয়োগ করা হবে।

আর এখানেও বিনিয়োগকারীর দায়িত্ব শেষ হয়ে যায় না; বরং তিনি নিজেই এই ধরণের কোম্পানিকে যথাসম্ভব যাচাই করে দেখা উচিত; এই কোম্পানিগুলো প্রকৃতপক্ষে হালাল উপায়ে ব্যবসা করে এবং সেখান থেকে লভ্যাংশ গ্রহণ করে শরীয়ত অনুযায়ী বন্টন করে নাকি শুধুমাত্র হালাল এর লেবেল (Label) দিয়ে আমাদের হারামে লিপ্ত করছে না তো? কারণ সাধারণত দেখা গেছে, যে কোনো কোম্পানির কর্মকর্তাদের কাছে যখনই এ ধরণের প্রশ্ন করা হয়; তখন অনেক কোম্পানির কর্মকর্তারা বিনিয়োগকারীদের তাদের প্রতি প্রলুব্ধ করার জন্য শুধুমাত্র হালালের নাম ব্যবহার করছেন।

কিন্তু পর্দার আড়ালে সেই কোম্পানিগুলো বিটকয়েনের মত হারাম জিনিসে মানুষের অর্থ বিনিয়োগ করে নিজেদের এবং বিনিয়োগকারীদের দুনিয়া ও আখেরাত উভয় নষ্ট করছেন।

তাই প্রত্যেক বিনিয়োগকারীর দায়িত্ব হল তাদের অর্থ যাচাই বাছাই করে বিনিয়োগ করা। অন্যথায় এই হারাম উপার্জন শুধু আমাদের ইবাদত বন্দেগিই নয়; দুনিয়া ও আখেরাতকেও ধ্বংস করে দিবে। মহান আল্লাহ তা’আলার কাছে প্রার্থনা করি; তিনি যেন মুসলিম উম্মাহকে হালাল রিযিক দান করেন এবং হারাম পরিহার করার সক্ষমতা দান করেন। আমীন।

১৫ সফর ১৪৪৪ হিজরী; ১২ সেপ্টেম্বর ২০২২ ঈসায়ী; সময় সকাল ১০:৩৯

নাহদাহ সিরিজ- ৪

# ফাতাওয়া ও মাসাইল

## দলিলভিত্তিক ফিকহী ধাঁধা

মুফতি অকিল উদ্দিন যশোরী

# ভূমিকা

**الحمد لله وحده والصلاة والسلام على من لا نبي بعده. أما بعد.**

আল্লাহ তা'আলা বলেন- অতএব তোমরা যদি না জান তবে যারা স্মরণ রাখে তাদেরকে জিজ্ঞাসা কর।[৭]

পৃথিবী প্রতিনিয়ত পরিবর্তনশীল। এ পরিবর্তনের ধারা বেয়ে মানব জীবনে আসে নতুন নতুন সমস্যা। তাই সাহাবায়ে কেরাম ও তাবেয়ীনদের পরও প্রত্যেক যুগে ইমাম ও ফকীহদের বিশাল এক জামাত মানুষের নানাবিধ সমস্যার সুষ্ঠু, সুন্দর ও সর্বোত্তম সমাধান দিয়ে ইসলামের সর্বজননতা ও পূর্ণতা প্রমাণ করে আসছেন। জিজ্ঞাসা ও সমাধানের এ ধারা এখনো অব্যাহত আছে।

মারকাযুন নাহদাহ আলইসলামিয়া যশোর এর "তাখাসসুস ফিল ফিকহিল ইসলামি ওয়াল ইফতা" ১৪৪১ হিজরী, ২০২০ ঈসায়ী প্রতিষ্ঠা থেকে বিভিন্নভাবে সমকালীন বিভিন্ন বিষয়াদির সমাধান দিয়ে আসছেন। মৌখিকভাবে, লিখিতভাবে, প্রবন্ধ আকারে, বই পুস্তক রচনা করে।

এরই ধারাবাহিকতায় ১৪৪৩-১৪৪৪ হিজরী ২০২২-২০২৩ ঈসায়ী এর "তাখাসসুস ফিল ফিকহিল ইসলামি ওয়াল ইফতা" ছাত্রবৃন্দের অক্লান্ত পরিশ্রমে গ্রহণযোগ্য দলিলভিত্তিক তথ্য ও তত্ত্বনির্ভর কিছু ফিকহী ধাঁধা সংকলন ও দলিল অলঙ্কৃতকরণ অনেক সহজ হয়েছে। "হায়রাতুল ফিকহ" এর আলোকে গ্রহণযোগ্য ফাতাওয়া ও মাসাইল ফিকহের বিন্যাসে সাজানো হয়েছে। যা অত্যন্ত সৌন্দর্যতা লাভ করেছে।

আমি আশা করি বইটি সকলের জন্য উপকারী হবে। সাথে সাথে আল্লাহ তা'আলার কাছে প্রার্থনা তিনি যেন বইটিকে ব্যাপকভাবে কবুল করেন। যারা এর পিছনে মেহনত করেছেন সকলের ইলমী ও আমলী উন্নতি দান করেন। আমীন।

অকিল উদ্দিন যশোরী
৭ রবিউল আওয়াল ১৪৪৪ হিজরী,
৪ অক্টোবর ২০২২ ঈসায়ী,
সময়: দুপুর: ১২:৫৮ মিনিট

[৭] . সুরা আম্বিয়া আয়াত- ৭।

# পবিত্রতা অধ্যায়

## পাত্রে ইঁদুর পেলে কি নাপাক হবে?

প্রশ্ন: ০১/০১- এক ব্যক্তির নিকট তিনটা পাত্র ছিল। একটা পাত্র ঘি দিয়ে পূর্ণ; আরেকটি দুধ দিয়ে; অন্যটি সিরকা দিয়ে। সে প্রত্যেকটি পাত্র থেকে অল্প অল্প করে একটি পাত্রে ঢালল। অতঃপর উক্ত পাত্রে মৃত ইঁদুর পাওয়া গেল। এখন কোন পাত্র নাপাক হবে?

উত্তর:- ইঁদুরের পেট ফেঁড়ে ঘি বের হলে ঘি এর পাত্র নাপাক হবে। দুধ বের হলে দুধের পাত্র নাপাক হবে। সিরকা বের হলে সিরকার পাত্র নাপাক হবে। আর পেট ফেঁড়ে কিছুই বের না হলে ইঁদুরকে বিড়ালের সামনে দিবে। বিড়াল খেয়ে নিলে ঘি এবং দুধের পাত্র নাপাক হবে। আর না খেলে সিরকার পাত্র নাপাক হবে।[৮]

## বীর্য চেনার উপায়?

প্রশ্ন: ০২/০২- স্বামী স্ত্রী এক বিছানায় ঘুমিয়ে জাগ্রত হয়ে বিছানায় বীর্য দেখতে পান এবং উভয়ে স্বপ্নদোষ হওয়া অস্বীকার করেন। এখন কোন ব্যক্তির উপর গোসল ফরয হবে?

উত্তর:- বীর্য সাদা অথবা লম্বাকৃতি হয়ে থাকলে পুরুষের উপর গোসল ফরয। আর হলুদ অথবা গোলাকৃতি হয়ে থাকলে মহিলার উপর ফরয। কিন্তু সতর্কতামূলক উভয়ের গোসল করে নেয়া উত্তম হবে।[৯]

---

[৮] . খুলাসাতুল ফাতাওয়া ১/৬.

فإن كان ثلاثا من الجباب في أحدها الدهن وفي الآخر الخل وفي الآخر الدبس، أخذ من كل واحد من الجباب الثلاثة وجعل في طست ثم وجد في الطست فارة ولم يغب بصره عنها يشق بطن الفارة إلى أن كان في بطنها وهن فالنجاسة لجب الدهن وإن كان في بطنها الدبس فلجب الدبس وإن كان في بطنها خل فلجب الخل وإن لم يكن في بطنها شيء يرمي بها قبل الهرة إن أكلت فالنجاسة لجب الدهن والدبس والخل طاهر وإن لم تأكلها فالنجاسة لجب الخل وجب الدهن والدبس طاهران.

"خلاصة الفتاوى" ٦/١ كتاب الطهارات، الفصل الأول، الجنس الأول، الجباب والأواني.

[৯] . ফাতাওয়া কাযিখান ৭/৩০-৩১, রদ্দুল মুহতার ১/৩৩৩.

## জুনুবী ব্যক্তি মসজিদে গিয়ে পবিত্র হতে পারে?

প্রশ্ন: ০৩/০৩- একজন জুনুবী (যার উপর গোসল ফরয) ব্যক্তি মসজিদে গিয়েছে এবং পবিত্র হয়ে বেরিয়ে এসেছে। এটা কী হতে পারে?

উত্তর:- জুনুবী ব্যক্তি যে ফরয গোসলে কুলি করতে ভুলে গিয়েছিল। সে মসজিদে গিয়ে পানি পান করাই পবিত্র হয়ে বেরিয়ে এসেছে।[১০]

## কোন অঙ্গ কখনো ধৌত করা ফরয আবার কখনো নয়?

প্রশ্ন: ০৪/০৪- অযুকারীর এমন কোন অঙ্গ রয়েছে; যা কখনো ধৌত করা ফরয আবার কখনো নয়?

উত্তর:- অযুকারীর দু' টি অঙ্গ। এক. থুতনী। দ্বিতীয়. গাল। কেননা দাড়ি বের হওয়ার পূর্বে উক্ত অঙ্গদ্বয় ধৌত করা ফরয ছিল। আর ঘন দাড়ি বের হওয়ার পর তা ধৌত করা কষ্টকর হওয়ার কারণে ফরয নয়।[১১]

---

إذا نام الرجل والمرأة في فراش واحد، فلما استيقظا وجدا منيا بينهما، وكل واحد منهما ينكر الاحتلام وأن يكون ذلك منيه، قال الشيخ الإمام أبو بكر محمد بن الفضل رح: الغسل عليهما احتياطا. وقال غيره: إن كان الماء غليظا أبيض فهو من الرجل، وإن كان رقيقا أصفر فهو من المرأة. وقال بعضهم: إن وقع طولا فهو من الرجل وإن كان مدورا فهو من المرأة.

"فتاوى قاضيخان" ٣٠/٧-٣١ كتاب الطهارة، باب الوضوء والغسل.

وراجع أيضا "رد المحتار" ٣٣٣/١ كتاب الطهارة، أركان الوضوء أربعة، مطلب: في تحرير الصاع والمد والرطل.

[১০] . আলফাতাওয়াল হিন্দিয়া ১/৬৪, আদ্দুররুল মুখতার ১/৩১২, মাজমাউল আনহুর ১/৩৫-৩৬.

الْجُنُبُ إذَا شَرِبَ الْمَاءَ ولم يَمُجَّهُ لم يَضُرَّهُ وَيُجْزِيهِ عن الْمَضْمَضَةِ إذَا أَصَابَ جَمِيعَ فَمِهِ.

"الفتاوى الهندية" ٦٤/١ كتاب الطهارة، الباب الثاني: في الغسل، الفصل الأول: في فرائضه.

وراجع أيضا "الدر المختار" ٣١٢/١ كتاب الطهارة، مطلب في أبحاث الغسل. و"مجمع الأنهر" ٣٥/١-٣٦ كتاب الطهارة.

[১১] . বাদায়েউস সানায়ে ১/৬৬-৬৭, আদ্দুররুল মুখতার ১/৩১৬-৩২০.

